# জেলা পরিষদ
# পঞ্চগড়

**অদ্য ১৫/১১/২০২১খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পঞ্চগড় জেলা পরিষদ এর সম্পত্তির ইজারা মূল্য বা ভাড়া নির্ধারণ কমিটির সভার কার্যবিবরণী ঃ**

সভাপতি ঃ জনাব মোঃ আব্দুল আলীম খান ওয়ারেশী
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ও
আহবায়ক,
সম্পত্তির ইজারা মূল্য বা ভাড়া নির্ধারন কমিটি।

**তারিখ** ঃ ১৫/১১/২০২১খ্রিঃ
**সময়** ঃ সকাল ১০.০০ ঘটিকা
**স্থান** ঃ প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পঞ্চগড় এর অফিস কক্ষ ।
সভায় উপস্থিত
সদস্যগণের হাজিরা ঃ পরিশিষ্ট ' ক ' দ্রষ্টব্য ।

সভার প্রারম্ভে সভাপতি পঞ্চগড় জেলা পরিষদ এর সম্পত্তির ইজারা মূল্য বা ভাড়া নির্ধারণ কমিটির উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ পঞ্চগড় স্থানীয় সরকার বিভাগের ২৬//১১/২০১৭খ্রিঃ তারিখের ৪৬ . ৪২. ০০০০.০০০.২২০.০০৩.১৬(২) ২১৭০ নং স্মারকে প্রাপ্ত " জেলা পরিষদের সম্পত্তি (অর্জন ব্যবস্থাপনা, সংরক্ষণ ও হস্তান্তর) বিধিমালা, ২০১৭ সভায় পাঠ করে শুনান এবং বিধি ৮ অনুযায়ী পঞ্চগড় জেলা পরিষদের সম্পত্তির ইজারা মূল্য বা ভাড়া নির্ধারণ কমিটির কার্য পরিধি সবাইকে অবগত করান। অতপর সভায় আলোচ্য সূচী অনুয়ায়ী নিম্নোক্ত ভাবে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয় ।

আলোচ্য সূচী (১) ঃ পঞ্চগড় জেলা পরিষদের (ক) ডাকবাংলো সমূহের সীটভাড়া (খ) জেলা পরিষদের মালিকানাধীন জমির ভাড়া/ ইজারা মূল্য পূনঃ নির্ধারণ বিষয়ক আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

আলোচনা ও সিদ্ধান্ত ঃ বিধিমালার আলোকে সভায় পঞ্চগড় জেলা পরিষদের (ক) ডাকবাংলো সমূহের সিট ভাড়া, জেলা পরিষদের মালিকানাধীন জমির ভাড়া / ইজারা মূল্য পূনঃ নির্ধারণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। দায়িত্বপ্রাপ্ত সদস্য সচিব সহকারী প্রকৌশলী এর প্রস্তাবিত ইজারা মূল্য সমূহ সভায় তুলে ধরলে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত ভাড়া নির্ধারণের প্রস্তাব করা হয় এবং স্থানীয় সরকার বিভাগের স্মারক নং প্রজেই-৪-০৪ /২০০২/২৭৪ (১৮৯) তারিখ ঃ ০১/০৩/২০০৩খ্রিঃ এর নির্দেশিত ভাড়ার হারের ক্যাটাগরীর সাথে সংগতি রেখে কমিটির সদস্যগণ পঞ্চগড় জেলা পরিষদের মালিকানাধীন (ক) ডাকবাংলো সমূহের সীটভাড়া (খ) জেলা পরিষদের মালিকানাধীন জমির ভাড়া/ ইজারা মূল্য নিম্নরুপে প্রস্তাবিত রেটে আদায়ের সুপারিশ করেন।

(ক)ডাকবাংলো সমূহের ধার্য্যকৃত ভাড়া ঃ

| ক্রঃনং | ডাকবাংলোর অবস্থান ও কক্ষের ধরণ | পূনঃনির্ধারিত দৈনিক ভাড়ার হার (টাকায়) | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | সিঙ্গেল সিট | ডাবল সিট | ট্রিপল সিট |
| ০১ | **সদর ভি.আই.পি রেস্ট হাউজ ও তেঁতুলিয়া ডাকবাংলো** | সরকারী | এসি | ৫০০ | ৮০০ | ১০০০ |
| | | | নন-এসি | ৩৫০ | ৫০০ | ৬৫০ |
| | | বেসরকারী | এসি | ১০০০ | ১৫০০ | ১৮০০ |
| | | | নন-এসি | ৫০০ | ৮০০ | ১০০০ |
| ০২ | বোদা ও দেবীগঞ্জ ডাকবাংলো | | | | | |
| | | সরকারী | এসি | ৫০০ | ৮০০ | ১০০০ |
| | | | নন-এসি | ৩৫০ | ৫০০ | ৬৫০ |
| | | বেসরকারী | এসি | ৮০০ | ১০০০ | ১২০০ |
| | | | নন-এসি | ৫০০ | ৭০০ | ৯০০ |
| | | | | | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৩ | বাংলাবান্ধা, আটোয়ারী, বার আউলিয়া ডাকবাংলো | সরকারী | এসি | ৩৫০ | ৫০০ | ৬৫০ |
| | | | নন-এসি | ২৫০ | ৩৫০ | ৪৫০ |
| | | বেসরকারী | এসি | ৫০০ | ৭০০ | ৯০০ |
| | | | নন-এসি | ৩৫০ | ৫০০ | ৬৫০ |

খ) জেলা পরিষদের মালিকানাধীন জমির ধার্য্যকৃত ভাড়া/ইজারা মূল্য ঃ

| ক্রঃ নং | জমির শ্রেণী | | ফাঁকা/পতিত জমি | কাঁচা ঘরের জমি | সেমি পাকা ঘরের জমি | পাকা দালান ঘরের জমি |
|---|---|---|---|---|---|---|
| ০১ | পৌরসভা এলাকায় ঃ মাসিক প্রতি বর্গফুট | | | | | |
| | বাণিজ্যিক | | ৫.০০ | ৭.০০ | ১০.০০ | ১২.০০ |
| | আবাসিক | | ৩.০০ | ৫.০০ | ৬.০০ | ৭.০০ |
| ০২ | পৌরসভার বাইরের এলাকা ঃ মাসিক প্রতি বর্গফুট। | | | | | |
| | আটোয়ারী ও তেতুলিয়া মূল বাজার | বাণিজ্যিক | ৩.০০ | ৪.০০ | ৬.০০ | ৭.০০ |
| | | আবাসিক | ২.৫০ | ৩.০০ | ৪.০০ | ৫.০০ |
| ০৩ | অন্যান্য এলাকার অকৃষি জমিঃ বার্ষিক প্রতি বর্গফুট - | | | | | |
| | | বাণিজ্যিক | ৩.০০ | ৫.০০ | ৭.০০ | ৯.০০ |
| | | আবাসিক | ২.০০ | ৪.০০ | ৬.০০ | ৮.০০ |
| ০৪ | কৃষি | প্রতি শতাংশ বাৎসরিক ৫০.০০ টাকা । | | | | |

মোঃ আব্দুল আলীম খান ওয়ারেশী
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, পঞ্চগড়
ও
আহবায়ক
ইজারা মূল্য বা ভাড়া নির্ধারন কমিটি।